

আমচি মুমবায়

|||||

সারা শরীরে আমার বারুদের আগুনের

পোড়া পোড়া ফোসকা।

দেহে আমার রক্তের ছোপ ছোপ দাগ

আর মাংসের টুকরো।

বিস্ফোরনের আওয়াজে, আর নগ্ন-নৃশংস হিংস্রতায়

আমি আবার কালা আর বোবা।

চারিদিকে শুধু ক্ষত বিক্ষত আপনজনের লাশ

সবকিছু হারানোর এ কেমন পূর্বাভাস?

চোখের জলে আপনজনের বিদায়

কেন বার বার শুধু আমায় কাঁদায়?

আমি আমচি মুমবায়।

মীর গোলাম সাবীর আলী।